# তারেক রহমানকে প্রয়োজনে বিশেষ নিরাপত্তা দেয়া হবে: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে নিরাপত্তা দিতে প্রস্তুত রয়েছে অন্তর্বর্তী সরকার। প্রয়োজনে তাকে বিশেষ নিরাপত্তা দেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী।

মঙ্গলবার (২ ডিসেম্বর) সচিবালয়ে ব্রিফিংয়ে তিনি বলেন, দেশে কারও নিরাপত্তা নিয়ে কোনও শঙ্কা নেই। "যার যেটা প্রয়োজন স্বরাষ্ট্র মন্ত্রণালয় তা দিতে প্রস্তুত," মন্তব্য করেন তিনি।

বিডিআর হত্যাকাণ্ড তদন্ত কমিশনের রিপোর্ট প্রসঙ্গে স্বরাষ্ট্র উপদেষ্টা জানান, প্রতিবেদনটি গুরুত্ব দিয়ে পর্যালোচনা করা হচ্ছে এবং প্রয়োজনীয় সুপারিশ বাস্তবায়ন করা হবে।

এ সময় তিনি আরও বলেন, জাতীয় নির্বাচনে কতগুলো কেন্দ্র ঝুঁকিপূর্ণ হতে পারে—তা নিয়ে আলোচনা চলছে, তবে তালিকা চূড়ান্ত হয়নি। বডি ক্যামেরা কেনার বিষয়েও পরে জানানো হবে।

LENS ASIA